

মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি: মো: ছাদেক মিয়া, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চরফ্যাসন, ভোলা।

সভার স্থান: সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর, চরফ্যাসন ভোলা।

সভার তারিখ ও সময়: ২৯/১০/২০১৯ খ্রি. এবং সময়: সকাল ১১.০০ টা

সভাপতি উপস্থিত পরিশিষ্ট ক তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকল সদস্য কে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সদস্য সচিব ও সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে আজকের সভার আলোচ্যসূচি তুলে ধরার অনুরোধ জানান। সদস্য সচিব জানান যে, উপজেলা নির্বাহী অফিসার, চরফ্যাসন, ভোলা এর পত্র নং ০৫.১০.০৯২৫.০২.০০০.১৯-১০৩৮, তারিখ: ২১/১০/২০১৯ খ্রি. মোতাবেক উপজেলা পরিষদের মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি গঠিত হয়েছে এবং প্রতি ০২ (দুই) মাস পরপর একটি করে সভা অনুষ্ঠিত হবে। এরপর সভাপতি এবং সদস্য সচিব বিভিন্ন বিষয়ে আলোচনা এবং মতামত প্রদানের জন্য উপস্থিত সদস্যবৃন্দকে বিনীত অনুরোধ করেন। এরপর উপস্থিত সদস্যবৃন্দকে বিস্তারিত আলোচনা করেন এবং আলোচনার পরে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত
দপ্তরের কর্মকান্ড	সদস্য সচিব জানান যে, চলমান মাসে মা ইলিশ রক্ষা অভিযান পরিচালিত হচ্ছে। আগামী মাসে জাটকা রক্ষা অভিযান শুরু হবে। কিন্তু অত্র দপ্তরে যে বরাদ্দ আসে তা প্রয়োজনের তুলনায় অত্যন্ত অপ্রতুল। সভাপতি অত্র দপ্তর হতে মৎস্য আইন সংশ্লিষ্ট একটি প্রকল্প তৈরীর অনুরোধ করেন এবং তা এডিপিতে প্রণয়নের অনুরোধ করেন। উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন।	সদস্য সচিব মেঘনা এবং তেঁতুলিয়া নদীতে মৎস্য আইন বাস্তবায়নের মাধ্যমে মাছের উৎপাদন বৃদ্ধি শীর্ষক একটি প্রকল্প দ্রুত ভিত্তিতে তৈরী করবেন এবং তা এডিপি তে জমা দেওয়ার ব্যবস্থা করবেন।
প্রশিক্ষণ	সভাপতি জানান যে, নতুন চাষী সৃষ্টি করতে হলে তাদের বিজ্ঞানসম্মত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ করে গড়ে তুলতে হবে। পাশাপাশি জাটকা জেলেদের বিকল্প কর্মসংস্থানের প্রতি আগ্রহী করা গেলে একদিকে যেমন তারা জাটকা ধরা বন্ধ রাখবে তেমনি নদীতে জাটকা সহ বিভিন্ন ধরণের নদীর মাছ বৃদ্ধি পাবে। বর্তমানে এ উপজেলায় কারেন্টজাল, বাধাজাল, চড়হড়া জালসহ বিভিন্ন নিষিদ্ধ জাল দিয়ে জাটকা এবং ইলিশের বাচ্চাসহ বিভিন্ন মাছ আহরণ করা হয়। নিয়মিত অভিযান এবং মোবাইল কোর্ট পরিচালনা করা হলে জাটকাসহ অন্যান্য মাছের উৎপাদন বৃদ্ধি পাবে। সভাপতি অত্র দপ্তর হতে মৎস্য প্রশিক্ষণ সংশ্লিষ্ট একটি প্রকল্প তৈরীর অনুরোধ করেন এবং তা এডিপিতে প্রণয়নের অনুরোধ করেন। উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন।	সদস্য সচিব মৎস্যচাষী/মৎস্যজীবি ও জাটকা জেলেদের মৎস্যচাষ এবং বিকল্প কর্মসংস্থান সংক্রান্ত প্রশিক্ষণ শীর্ষক একটি প্রকল্প দ্রুত ভিত্তিতে তৈরী করবেন এবং তা এডিপি তে জমা দেওয়ার ব্যবস্থা করবেন।
অন্যান্য	সদস্য সচিব জানান যে, অত্র দপ্তর হতে উপজেলা পরিষদের এডিপিতে প্রকল্প প্রণয়নের জন্য আরো ০৩ (তিন) টি প্রকল্প ইতিমধ্যে তৈরী করা হয়েছে। সভাপতি অত্র দপ্তর হতে তৈরীকৃত সকল প্রকল্প এডিপিতে প্রণয়নের অনুরোধ করেন। উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন।	পাঁচকপাট খালে খাঁচায় মাছচাষের মাধ্যমে জাটকা জেলেদের আর্থ-সামাজিক উন্নয়ন, কমিউনিটি বেজড ফিশারিজ ম্যানেজমেন্ট এর মাধ্যমে মৎস্য অভয়াশ্রম স্থাপন করে বিলুপ্তপ্রায় দেশীয় মাছের বংশগতি

		রক্ষা এবং ছোট মাছের উৎপাদন বৃদ্ধি শীর্ষক প্রকল্প দ্রুত ভিত্তিতে তৈরী করবেন এবং তা এডিপি তে জমা দেওয়ার ব্যবস্থা করবেন।
--	--	---

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মো: ছাদেক মিয়া)

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

এবং সভাপতি

মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক উপজেলা স্থায়ী

কমিটি

চরফ্যাসন, ভোলা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
চরফ্যাসন, ভোলা

পত্র নং: ৩৩.০২.০৯২৫.৫০১.৩৪.০০১.১৩ – ৯৯/১(০৫)

তারিখ: ১৩ কার্তিক ১৪২৫
২৯ অক্টোবর, ২০১৯ খ্রি.

সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। জেলা প্রশাসক, ভোলা।

২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চরফ্যাসন, ভোলা।

৩। উপজেলা নির্বাহী অফিসার, চরফ্যাসন, ভোলা।

৪।, চরফ্যাসন, ভোলা।

৫। অফিস কপি/অমনিবাস



মারুফ হোসেন মিনার

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা




(নি বে)

চরফ্যাসন, ভোলা

ইমেইল: sufocharfasson@fisheries.gov.bd

ফোন: ০৪৯২৩৭৪০৯০

মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটির সভার হাজিরা:

ক্রম	নাম ও পদবী	স্বাক্ষর
১	মো: ছাদেক মিয়া ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, চরফ্যাসন	
২	মো: আশরাফুল আলম চেয়ারম্যান ১ নং ওসমানগঞ্জ ইউনিয়ন	
৩	মো: সিরাজ জমাদার চেয়ারম্যান ১৭নং আবু বকরপুর ইউনিয়ন	
৪	মো: আব্দুস সালাম হাওলাদার চেয়ারম্যান ১৯ নং ঢালচর ইউনিয়ন	
৫	মাবুফ হোসেন মিনার সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা (নি.বে.) চরফ্যাসন, ভোলা	